

আটঘরিয়া উপজেলার উদ্ভাবনী উদ্যোগ/আইডিয়া

ক্রমিক নম্বর	সৃজনশীল ধারণা/উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম	বাস্তবায়নকারী অফিসের নাম জেলা/ উপজেলা	ধারণা/উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ (মূল বিষয়বস্তু বাস্তবায়নের বর্তমান অবস্থা, উপকারিতা ২০০ শব্দের মধ্যে লিখতে হবে)	মন্তব্য
১	২	৩	৪	৫
১.	কচুরিপানা ও হোগলা পাতা দিয়ে তৈরী হস্তশিল্প প্রকল্প	উপজেলা সমবায় অফিস, আটঘরিয়া, পাবনা।	<p>ধারণা/উদ্যোগের মূল বিষয়বস্তু: সমবায় সমিতির মাধ্যমে কচুরিপানা ও হোগলা পাতা দিয়ে হস্তশিল্প প্রস্তুত।</p> <p>যে সমস্ত হস্তশিল্প প্রস্তুত করা যেতে পারে: শুকনো কচুরিপানা ও হোগলা পাতা দিয়ে টব, ফুলদানি, ফল ঝুড়ি, ডিম রাখার পাত্র, পাপোশ, মোড়া, টুপি, আয়নার ফ্রেম, ডাইনিং টেবিলের ম্যাটসহ ইত্যাদি পণ্য প্রস্তুত করা যেতে পারে।</p> <p>উৎস: গ্রামাঞ্চলের নদী-নালা, খাল-বিলে প্রায়ই চোখে পড়ে কচুরিপানা। কচুরিপানার ফুল দেখতে সুন্দর হলেও, কচুরিপানা তেমন কোনো কাজে আসে না। আর নদীর পরিত্যক্ত চর বা খাল বিলের পাশে অযত্নে অবহেলায় জন্মাচ্ছে হোগলা গাছ। সেই ফেলনা কচুরিপানা ও হোগলা পাতা থেকে পরিবেশবান্ধব বিভিন্ন হস্তশিল্প পণ্য প্রস্তুত করা যায়।</p> <p>কর্মসংস্থান: দেশ-বিদেশে এসব পণ্যের চাহিদা দিন দিন বাড়ছে। বর্তমানে কচুরিপানা ও হোগলা পাতা দিয়ে বিচ্ছিন্নভাবে অনেকে কাজ করে তাদের কর্মসংস্থান সৃষ্টি করছে। সমবায় সমিতির মাধ্যমে বা নতুন সমবায় সমিতি গঠন করে সদস্যদের একত্রিত করে তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা যেতে পারে।</p> <p>বিক্রয় ও আয়: কচুরিপানা ও হোগলা পাতা দিয়ে পণ্য উৎপাদনের পাশাপাশি হস্তশিল্প রপ্তানিকারক প্রতিষ্ঠানের মাধ্যমে এসব পণ্য বিক্রি করা যেতে পারে। বর্তমানে শুকনো কচুরিপানা ও হোগলা পাতা ক্রয় বিক্রয়-সহ প্রস্তুতকৃত হস্তশিল্প বিক্রি করে প্রতিদিন একেকজন ৫০ টাকা হতে ৪০০ টাকা পর্যন্ত আয় করতে পারে। প্রতি মণ কীচা কচুরিপানা ১০০ থেকে ১২০ টাকা এবং শুকনো কচুরিপানা প্রায় ১৮০০ টাকায় বিক্রি হয়। এসব পণ্য কারখানায় বসে বা বাড়িতে বসে প্রস্তুত করে সেগুলো কারখানায় জমা করা যায়। এ ছাড়া কচুরিপানা ও হোগলা পাতা পরিবহন ও শুকানোর কাজ থেকে শ্রমিকেরা গড়ে দিনে প্রায় ৪০০ থেকে ৫০০ টাকা আয় করতে পারেন।</p> <p>উপসংহার: আয়বর্ধক ও কর্মসংস্থানমূলক এ ধরনের উদ্যোগ গ্রহণ করলে সমিতি তথা সমিতির সদস্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং উপকৃত হবে। বিধায় কোন সমবায় সমিতির মাধ্যমে বা সমবায় সমিতি গঠন করে এই কচুরিপানা ও হোগলা পাতা দিয়ে প্রস্তুতকৃত হস্তশিল্পকে একটি উদ্ভাবনী উদ্যোগ হিসেবে গ্রহণ করা যেতে পারে।</p>	

(শেখ জাকিয়া সুলতানা)
উপজেলা সমবায় অফিসার
আটঘরিয়া, পাবনা।